
# NYC Care মাধ্যমে আপনার কর্মীদের স্বাস্থ্য সেবা পেতে সাহায্য করুন



NYC -তে, আমরা বিশ্বাস করি যে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর **অভিবাসন স্থিতি এবং অর্থ প্রদানের ক্ষমতা নির্বিশেষে প্রাথমিক, প্রতিরোধমূলক এবং বিশেষ স্বাস্থ্য সেবা পাওয়ার অধিকার** রয়েছে। একজন নিয়োগকর্তা হিসেবে, আপনি আপনার কর্মীদের সুস্থ এবং নিরাপদ থাকতে সাহায্য করার ক্ষেত্রে একজন গুরুত্বপূর্ণ সহযোগী।

বিস্তৃত, গুণগত মানের যত্ন প্রদান সবসময় শহরের জনস্বাস্থ্য ব্যবস্থা NYC Health + Hospitals -এর জন্য অপরিহার্য। যদিও COVID-19 সকল নিউ ইয়র্কবাসীকে প্রভাবিত করেছে, তবে তাদের উপর এর প্রভাব বেশি পড়েছে যাদের বিস্তৃত স্বাস্থ্য সেবায় এক্সেস নেই। NYC Care, NYC Health + Hospitals দ্বারা পরিচালিত একটি সাস্থ্য সেবা অ্যাক্সেস প্রোগ্রাম যা সকল NYC কমিউনিটিকে সুস্থ্য করে তোলার লক্ষ্যে এই ফাঁকগুলোর সেতুবন্ধন অব্যাহত রাখবে, যেহেতু আমরা এই মহামারীর মুখোমুখি এবং পরিভ্রমণ চালিয়ে যাচ্ছি। **আপনার কর্মচারীদের যাদের বীমা নেই তাদের সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্য সেবা পেতে সাহায্য করার জন্য, দয়া করে তাদের আজই NYC Care -এর সদস্য হওয়ার কথা বলুন।**

**NYC Care** নিউ ইয়র্কবাসী যারা স্বাস্থ্য বীমার যোগ্য নয় বা যারা স্বাস্থ্য বীমা বহন করতে সমর্থ নয় তাদের জন্য কম বা বিনা মূল্যে স্বাস্থ্য সেবা প্রদানের নিশ্চয়তা প্রদান করে।

## কেন আপনার NYC CARE-কে গুরুত্ব দেয়া উচিৎ?

**C** আপনি আপনার কর্মচারীদের স্বাস্থ্যের প্রতি **যত্নবান (care)**। তারা আপনার ব্যবসা চলমান রাখে, তারা আপনার সাফল্যের অংশীদার এবং আপনি চান যে তারা ভাল থাকুক।

**A** নিয়মিত, প্রতিরোধমূলক যত্ন, যেমন স্বাস্থ্য পরীক্ষা এবং টীকা -তে এক্সেস থাকার ফলে আপনার কর্মীদের কাজে **অনুপস্থিতি (absences)** *আরও* কম থাকবে।

**R** আপনি আপনার কর্মীদের আরও বেশি সময় **ধরে রাখতে (retain)** পারবেন যদি তারা জানে যে আপনি তাদের স্বাস্থ্য এবং তাদের প্রিয়জনদের স্বাস্থ্যের প্রতি যত্নবান।

**E** আপনি আপনার কর্মীদের স্বাস্থ্যকর জীবন যাপন করতে সাহায্য করার মাধ্যমে **দক্ষতা (efficiency)** এবং উৎপাদনশীলতা বৃদ্ধি করবেন।

NYC HEALTH+ HOSPITALS | NYC CARE

## আপনার কর্মচারীদের সাথে NYC Care সম্পর্কে কথোপকথন শুরু করা

প্রোগ্রাম সম্পর্কে সাধারণ প্রশ্নসহ আপনাকে সাহায্য করার জন্য এই হল একটি সংক্ষিপ্ত স্ক্রিপ্ট।

- আপনাদের স্বাস্থ্য আমাদের কাছে গুরুত্বপূর্ণ।
- আপনারা যদি অসুস্থ হন, দয়া করে বাড়িতে থাকুন এবং নিজের যত্ন নিন।
- এছাড়াও আমি **NYC Care** সম্পর্কে তথ্য আপনাদের সাথে শেয়ার করতে চাই, একটি প্রোগ্রাম যা নিউ ইয়র্কবাসী যারা স্বাস্থ্য বীমার যোগ্য নয় বা যারা স্বাস্থ্য বীমা বহন করতে সমর্থ নয় তাদেরকে কম বা বিনা মূল্যে স্বাস্থ্য সেবার এক্সেস প্রদান করে।
- এই কর্মসূচির সদস্য হওয়ার মাধ্যমে, আপনি:
  - দুই সপ্তাহ বা তারও কম সময়ের মধ্যে প্রাইমারি কেয়ার প্রোভাইডারের সাথে আপনার প্রথম অ্যাপয়েন্টমেন্ট নিতে পারবেন।
  - প্রাইমারি কেয়ার টিমের কাছ থেকে সহায়তা পাবেন যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নার্স, মানসিক স্বাস্থ্য সম্পর্কিত ডাক্তার, মেডিকেল অ্যাসিস্টেন্ট, সামাজিক কর্মী, ফার্মাসিস্ট এবং পুষ্টিবিদ।
  - আপনার সাহায্যের প্রয়োজন হলে আমাদের NYC Care যোগাযোগ কেন্দ্রে ফোন করতে পারবেন, যা 24/7 খোলা থাকে।
  - কম খরচে 24/7 প্রেসক্রিপশন ওষুধ ও রাতের বেলাতেও ওষুধ রিফিল করার জন্য সুবিধা পাবেন।

### প্র: আমি কোথায় NYC CARE ব্যবহার করতে পারবো?

**উ:** NYC Care বর্তমানে সদস্যদের NYC Health + Hospitals-এর ফ্যাসিলিটিসমূহে প্রোভাইডারদের একটি নেটওয়ার্ক ও পরিষেবার প্রস্তাব করছে। NYC Health + Hospitals -এর অবস্থানসমূহের একটি তালিকার জন্য, NYC Care যোগাযোগ কেন্দ্রে ফোন করুন **1-646-NYC-CARE (1-646-692-2273)**-এই নাম্বারে বা ভিজিট করুন **nyccare.nyc** -এই ঠিকানায়।

### প্র: আমি কি NYC Care পাওয়ার যোগ্য?

**উ:** আপনি এই সুবিধা পাওয়ার উপযুক্ত কিনা তা জানতে, কল করুন আজই **1-646-NYC-CARE** (**1-646-692-2273**) !

### প্র: এই পরিষেবার জন্য আমাকে কী পরিমাণ অর্থ দিতে হবে?

**উ:** যুক্ত হতে কোন ফি নেই, কোনও প্রিমিয়াম নেই এবং কোনও মাসিক ফিস নেই, আপনার পরিবারের সদস্য সংখ্যা এবং আয়ের ওপর ভিত্তি করে আপনার স্বাস্থ্যসেবা পাওয়ার খরচের হিসাব করা হবে, $0 -এ শুরু। আরও তথ্য জানতে, আমাদের ফি স্কেল সারণি দেখতে অনুগ্রহ করে ভিজিট করুন **nyccare.nyc** -এই ঠিকানায়।

### প্র: NYC Care কী সাস্থ্য বীমা?

**উ:** NYC Care একটি সাস্থ্যসেবা এক্সেস প্রোগ্রাম যা শহরব্যাপী NYC Health + Hospitals-এর ফ্যাসিলিটিসমূহে প্রোভাইডারদের একটি নেটওয়ার্ক ও পরিষেবা প্রদান করে। স্বাস্থ্য বীমার বিপরীতে, এখানে যোগদানের কোন খরচ নেই, কোন প্রিমিয়াম নেই এবং কোন মাসিক ফি নেই।

### প্র: আমার ইতিমধ্যে সাস্থ্য বীমা রয়েছে। NYC Care-এ তালিকাভুক্ত হতে হলে আমার কি এটি ছেড়ে দিতে হবে?

**উ:** আপনার যদি স্বাস্থ্য বিমা থাকে, তাহলে সেটি বন্ধ করবেন না। যে ব্যক্তিরা তাদের নিয়োগকর্তার মাধ্যমে, Marketplace মাধ্যমে বা Medicaid মাধ্যমে বীমার জন্য যোগ্য, তাদের যোগ্যতা অনুযায়ী নির্দিষ্ট প্রোগ্রামের জন্য তালিকাভুক্ত হওয়া উচিত।

### প্র: কিভাবে আরও তথ্য পাব বা NYC Care–এ তালিকাভুক্ত হব?

**উ:** ফোন করুন: **1-646-NYC-CARE** (**1-646-692-2273**)। তারা আপনার ভাষাতে কথা বলে! NYC Care এছাড়াও প্রচার ও তালিকাভুক্তিতে সহযোগীতা করার জন্য কমিউনিটি সংগঠনসমূহের সাথে সমন্বয় করেছে। আরও জানতে এবং বর্তমান কমিউনিটি পার্টনারদের তালিকা দেখতে আপনি ভিজিট করতে পারেন **nyccare.nyc** -এর ঠিকানায়।

### প্র: আমি কিভাবে প্রচারপত্র পেতে পারি?

**উ:** 14 ভাষায় বিষয়বস্তুসমূহ ডাউনলোড করতে অনুগ্রহ করে ভিজিট করুন **nyccare.nyc/resources**-এই ঠিকানায়।